

“ অফিস আদেশ ”

বিষয়ঃ কুরিয়ার ইউনিট এর মাধ্যমে আমদানিকৃত পণ্য চালান শুক্রায়ন এবং খালাসের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন।

উপরিউক্ত বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সাম্প্রতিককালে কুরিয়ার ইউনিট এর মাধ্যমে আমদানিকৃত পণ্য চালানের Bill of Entry (B/E)-তে এবং সেইসাথে দাখিলকৃত Import General Manifest (IGM) এর হার্ডকপিতে ঘোষিত বর্ণনার (পণ্যের বর্ণনা, মূল্য, ওজন ইত্যাদি) সাথে একই Bill of Entry (B/E) সংশ্লিষ্ট ASYCUDA World System এর Online Import General Manifest (IGM) এর বর্ণনার ভিন্নতা পরিলক্ষিত হচ্ছে মর্মে বিভিন্ন সূত্র থেকে অভিযোগ পাওয়া গিয়েছে। পণ্যের বর্ণনা, মূল্য ও ওজনে এরূপ পার্থক্য রাজস্ব আহরণসহ সার্বিক নিরাপত্তার জন্যও হুমকিস্বরূপ।

০৩। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, কুরিয়ার ইউনিট এর মাধ্যমে আমদানিকৃত সমুদয় পণ্য চালান শুক্রায়ন ও খালাসের ক্ষেত্রে নিম্নবর্ণিত সতর্কতামূলক কার্যক্রম যথাযথভাবে পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলোঃ

(ক) কুরিয়ার ইউনিট এর মাধ্যমে আমদানিকৃত সকল পণ্য চালান শুক্রায়নের সময় আমদানিকারক বা তাঁর প্রতিনিধি কর্তৃক দাখিলকৃত Bill of Entry (B/E) ও IGM এর ঘোষণার সাথে ASYCUDA World System এর Online IGM এ উল্লিখিত ঘোষণা/বর্ণনার সমুদয় তথ্যাদি আড়াআড়ি যাচাই (cross-check) সুনিশ্চিত করতে হবে।

(খ) আড়াআড়ি যাচাইয়ে প্রাপ্ত সঠিক তথ্যের আলোকে পণ্যের যথাযথ মূল্য ও ওজনে শুক্রায়ন করতে হবে।

(গ) এছাড়াও, আমদানিকৃত পণ্য চালানসমূহ খালাসের দায়িত্বে নিয়োজিত কুরিয়ার (পরীক্ষণ) ইউনিট এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে ঝুঁকি ব্যবস্থাপনার আলোকে এবং দ্বৈবচয়নের ভিত্তিতে সর্বোচ্চ ২০% পণ্য চালান ASYCUDA World System এর Online IGM এর ঘোষণার সাথে আড়াআড়ি যাচাই (cross-check) করে সঠিক প্রাপ্তি সাপেক্ষে পণ্য খালাস করতে নির্দেশ প্রদান করা হলো।

০৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

মোঃ মোয়াজ্জেম হোসেন
কমিশনার

ফোন: ৮৯০১৫৭৭।

ই-মেইল: dhakacustoms@yahoo.com

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য :

- ০১। অতিরিক্ত কমিশনার ১/২, কাস্টম হাউস, ঢাকা।
- ০২। যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
- ০৩। পরিচালক, এভিয়েশন সিকিউরিটি, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা।
- ০৪। সিস্টেম এনালিস্ট (ইডিপি ম্যানেজার)/সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা।
- ০৫। ডেপুটি/সহকারী কমিশনার, অপারেশন ম্যানেজার-১/২/শুক্রায়ন গ্রুপ-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/প্রিভেন্টিভ/কুরিয়ার শুক্রায়ন IM-7/ কুরিয়ার শুক্রায়ন IM-4(গ্রুপ-১/২/৩/এয়ারফ্রেইট ইউনিট/কুরিয়ার ইউনিট/রপ্তানী পরীক্ষা/রপ্তানী শুক্রায়ন/বিচার/আইন/নিলাম/ সদর/পোস্ট ক্লিয়ারেন্স অডিট/হ্যাংগার গেইট, কাস্টম হাউস, ঢাকা।
- ০৬। ম্যানেজার, আমদানি, বিমান কার্গো কমপ্লেক্স, পণ্য টার্মিনাল, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, ঢাকা।
- ০৭। জেনারেল ম্যানেজার, আমদানী কার্গো/রপ্তানী কার্গো, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, ঢাকা।
- ০৮। নিরাপত্তা কর্মকর্তা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, ঢাকা।
- ০৯। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, কাস্টম হাউস শাখা, ঢাকা।
- ১০। উপ/সহকারী কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
- ১১। রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা, শুক্রায়ন গ্রুপ-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/প্রিভেন্টিভ/কুরিয়ার IM-7/কুরিয়ার IM-4/ এয়ারফ্রেইট/কুরিয়ার/ রপ্তানীপরীক্ষা/রপ্তানী শুক্রায়ন/পোস্ট ক্লিয়ারেন্স অডিট/বিমানবন্দর শিফট-এ/বি/সি, কাস্টম হাউস, ঢাকা।
- ১২। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা। (তাকে এ আদেশটি কাস্টম হাউস, ঢাকার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। পি এ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোঃ মোয়াজ্জেম হোসেন
কমিশনার